

AP (DM)

28/9/2028



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৮.২৪- ১৩০

তারিখঃ ২০ শ্রাবণ ১৪৩১
২৫ জুলাই ২০২৪

আদেশ

যেহেতু, জনাব সৈয়দ আবু ছাইদ (১০৯০৫১৯৯), অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, বগুড়া রিটার্নিং অফিসার হিসেবে বগুড়া সদর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ দায়িত্ব পালনকালে ভাইস চেয়ারম্যান পদের প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোঃ ইফতারুল ইসলাম মামুন-কে নির্বাচন কমিশনের নির্ধারিত নমুনার 'আইসক্রিম' প্রতীকের পরিবর্তে ভিন্ন নমুনার 'আইসক্রিম' প্রতীক হিসেবে বরাদ্দ প্রদান করেছেন; তার এই ভুলের কারণে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক উক্ত নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদের ভোটগ্রহণ স্থগিত করা হয়;

যেহেতু, তিনি নির্বাচনের ন্যায় স্পর্শকাতর ও গুরুত্বপূর্ণ কাজে আপন কর্তব্যে অবহেলা ও পেশাগত অদক্ষতা প্রদর্শন করেছেন এবং নির্বাচন পরিচালনায় ব্যর্থ হয়েছেন;

যেহেতু, মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক তাকে সাময়িকভাবে বরখাস্ত করা সহ তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু, তার এহেন কার্যকলাপ শৃঙ্খলার পরিপন্থি হওয়ায় নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ধারা ৫ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ক) অনুসারে 'অদক্ষতা' ও বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০৮/২০২৪ রুজু করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে অভিযোগ বিবরণী গঠন করতঃ অভিযোগনামায় তাকে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ১৮-০৭-২০২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাব ও ব্যক্তিগত শুনানিতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করেছেন;

যেহেতু, সার্বিক পর্যালোচনায় এবং তার স্বীকারোক্তির ভিত্তিতে তার বিরুদ্ধে আনীত 'অদক্ষতা' ও 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অপরাধের গুরুত্ব, ন্যায় বিচার ও সামগ্রিক বিষয় বিবেচনায় জনাব সৈয়দ আবু ছাইদ, অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, বগুড়া-কে 'অদক্ষতা' ও 'অসদাচরণ' এর দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) অনুযায়ী 'তিরস্কার' দন্ড প্রদান করা হলো। সেই সাথে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসাবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০৮/২০২৪ নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শফিউল আজিম
সচিব

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৮.২৪- ১৩০

তারিখঃ ২০ শ্রাবণ ১৪৩১
২৫ জুলাই ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। যুগ্ম-সচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা

চলমান পাতা-২

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

- ০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী
- ০৭। উপসচিব(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৮। উপসচিব (হিসাব) (চ.দা.), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৯। জেলা নির্বাচন অফিসার, বগুড়া
- ১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
- ১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী
- ১২। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
- ১৩-১৬। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
- ১৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৮। জনাব সৈয়দ আবু ছাইদ, অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার (সাময়িক বরখাস্তকৃত), বগুড়া
- ১৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বগুড়া
- ২০। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [জনাব সৈয়দ আবু ছাইদ, অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার (সাময়িক বরখাস্তকৃত), বগুড়া এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ]

১৮.০২.২৫

মোহাম্মদ আল-মামুন

সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)

ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮

ইমেইল: sas_dis@ecs.gov.bd

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd